# কুমিল্লা বোর্ড-২০১৬

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময়-২ ঘণ্টা ২০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৬০

*দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে দেখ এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক অংশ থেকে কমপক্ষে একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।*

### ক অংশ — গদ্য

**১.▶ উদ্দীপক-১**

পাড়ার বালকদের সর্দার সুজন। সারাদিন বনে-বাঁদাড়ে ঘুরে বেড়ানো, এর ওর গাছের ফল ছেঁড়া, নদীতে দাপাদাপি করাই তার কাজ। শত দুরন্তপনার মাঝেও ছোট ভাই সুমনকে আগলে রাখে সে। তাকে রেখে কোনো খাবারও মুখে তোলে না।

**উদ্দীপক-২**

সারাক্ষণ সংসারে নাই-নাই, নাই-নাই আর ভালো লাগে না শেফালীর। ঘর থেকে বের হলে পাওনাদারদের তাগাদা তাকে অতিষ্ঠ করে। ছেলেরা কবে নতুন জামা পরেছে মনে পড়ে না তার।

ক. আজকাল লক্ষ্মী কোথায় বাঁধা পড়েছে? ১

খ. 'ঠাকুরের হাঁড়ি দেখচি শিকেয় উঠেচে'— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপক-২-এ 'আম আঁটির ভেঁপু' গল্পের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দিকটিকে ছাপিয়ে উদ্দীপক-১-এর বক্তব্য 'আম আঁটির ভেঁপু' গল্পে প্রাধান্য পেয়েছে— মন্তব্যটির সাথে তুমি কি একমত? যুক্তি দাও। ৪

**২.▶** লাঙল কাঁদিয়া বলে ছাড়ি দিয়ে গলা,
তুই কোথা থেকে এলি ওরে ভাই ফলা?
যেদিন আমার সাথে তোরে দিল জুড়ি
সেই দিন হতে মোর মাথা খোঁড়াখুঁড়ি
ফলা কহে, ভাল ভাই, আমি যাই খসে
দেখি তুমি কী আরামে থাকো ঘরে বসে

https://teachingbd24.com

ফলাখানা টুটে গেল হাল খানা তাই,
খুশি হয়ে পড়ে থাকে কোন কর্ম নাই
চাষা বলে, এ আপদ আর কেন রাখা।
এরে আজ চালা করে ধরায়িব আখা
হাল বলে, ওরে, ফলা, আয় ভাই ধেয়ে
খাটুনী যে ভালো ছিল জ্বলুনীর চেয়ে।

ক. কাদের অন্তর কাচের ন্যায় স্বচ্ছ? ১

খ. 'বোধন বাঁশিতে সুর দেওয়া বলতে' 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের লাঙলের আচরণে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কোন দিকটির প্রতি আলোকপাত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের লাঙল আর ফলাকে এক সূত্রে বাঁধার আহ্বানে কাজী নজরুল ইসলামের প্রত্যাশা ধ্বনিত হয়েছে— 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আলোকে মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর। ৪

৩.▶ তিন বছরের ছোট্ট ছেলে ইমনকে নিয়ে মা শাহানার চিন্তার শেষ নেই। সারাক্ষণ এটা-ওটা খাবার নিয়ে তিনি ছেলের পেছনে ছোটেন। ঘুম থেকে তুলেই খিচুড়ি, এরপর ফলের রস, সিদ্ধ ডিম, দুধ একের পর এক। মা'র হাত থেকে বাঁচতে ইমন পালাতে চেষ্টা করে, হাত-পা ছোড়ে, মুখ বন্ধ করে থাকে, আরও কত কৌশল। কিন্তু মিসেস শাহানা জোর করে ইমনকে খাওয়াবেনই। এ অবস্থা দেখে ইমনের বাবা মি. শাহেদ বলেন, 'দেখ, তোমার উদ্দেশ্য মহৎ কিন্তু পদ্ধতি ভুল। ছেলের মঙ্গল চাও সন্দেহ নেই, কিন্তু তোমার খাওয়ানোর ধরনের পরিবর্তন আনতে হবে।'

ক. শিক্ষার সর্বপ্রধান অঙ্গ কী? ১

খ. 'সাহিত্যের মধ্যে আমাদের জাত মানুষ হবে' বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের শাহানার আচরণে 'বইপড়া' প্রবন্ধের যে বিশেষ দিকটির ইঙ্গিত পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. শাহেদের বক্তব্য প্রমথ চৌধুরী পরামর্শেরই প্রতিধ্বনি— 'বইপড়া' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

## খ অংশ — পদ্য

৪.▶ হিন্দু-মুসলিম দুটি ভাই
ভারতের দুই আঁখি তারা।
এক বাগানের দুটি তরু

https://teachingbd24.com

দেবদারু আর কদমচারা।
যেন গঙ্গা সিন্ধু নদী
যায় গো বহে নিরবধি।
এক হিমালয় হতে আসে
এক সাগরে হয় গো হারা।

ক. 'কৈবর্ত বিদ্রোহ' কার বিরুদ্ধে হয়েছিল? ১
খ. 'বাঙালি জাতির বীজমন্ত্র' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকে 'আমার পরিচয়' কবিতার কোন দিকটি ইঙ্গিত করা হয়েছে, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'আমার পরিচয়' কবিতার বাঙালির পরিচয়ের খণ্ডাংশের প্রতিফলন ঘটেছে— বিশ্লেষণ কর। ৪

৫.▶ আপনারে লয়ে বিব্রত রহিতে
আসে নাই কেহ অবনী পরে,
সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমরা পরের তরে।

ক. ভারতচন্দ্র কোন কাব্যধারার শ্রেষ্ঠ কবি? ১
খ. ঈশ্বরী পাটুনী দেবী অন্নপূর্ণাকে পার করতে 'ফেরফার'-এর ভয় করছিলেন কেন? ২
গ. উদ্দীপকে 'আমার সন্তান' কবিতার কোন বিশেষ দিকটির প্রতি আলোকপাত করা হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যক্তিস্বার্থ নয়, সমাজের সর্বজনীন কল্যাণেই ছিল ঈশ্বরী পাটুনীর চাওয়া— উদ্দীপক ও কবিতার আলোকে মন্তব্যটির যৌক্তিকতা দেখাও। ৪

৬.▶ "জন্মিলে মরিতে হবে
অমর কে কোথা কবে
চিরস্থির কবে নীর, হায়রে, জীবন-নদে?
কিন্তু যদি রাখ মনে,
নাহি, মা, ডরি শমনে;"

ক. রবীন্দ্রনাথ ঠাকুর কত বঙ্গাব্দে জন্মগ্রহণ করেন? ১
খ. 'ধরায় প্রাণের খেলা চিরতরঙ্গিত' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. কবিতাংশে 'প্রাণ' কবিতার যে ভাবের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. কবিতাংশটি 'প্রাণ' কবিতায় কবির সমগ্র অনুভূতিকে তুলে ধরে কি? মতের পক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

## গ অংশ — সহপাঠ

৭.▶ স্ত্রী-সন্তানদের নিয়ে ঈদের ছুটিতে বরিশাল থেকে বাড়ি ফিরছিলেন জব্বার মিঞা। কিন্তু পথিমধ্যে ঝড়ের কবলে লঞ্চটি ডুবে যায়। স্ত্রী-পুত্র কন্যা আর্তচিৎকার করতে করতে চোখের সামনে তুলিয়ে যায়। জব্বার মিঞাসহ অনেকেই বাঁচতে পারলেও স্ত্রী-সন্তানদের লাশ দেখে বাকরুদ্ধ হন তিনি। এক সময়ের কলেজ শিক্ষক জব্বার স্যার আজ 'জব্বার পাগলা' হয়ে বেঁচে আছেন।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসে আর্ট কলেজের ছাত্রটি কে? ১

খ. 'কিন্তু আমরা তিনজন নই, একজন' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের জব্বার মিঞা 'কাকতাড়ুয়া' উপন্যাসের 'বুধা' চরিত্রের সাথে যে দিক থেকে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. সাদৃশ্যগত দিকটির বাইরের দিকই উপন্যাসে বুধা চরিত্রকে আলাদা পরিচয় দিয়েছে— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৮.▶ স্কুল থেকে বাড়ি ফিরে জে.এস.সি পরীক্ষার্থী ঝুমুর দেখল বাড়িতে একটি উৎসব উৎসব ভাব। তাকে দেখে মুখ টিপে হাসছে কেউ কেউ। একজন এসে বলে গেল, ঝুমুরের আজ বিয়ে কুসুমপুরের ষাটোর্ধ্ব মাওলানা সাহেবের সাথে। কিছুক্ষণ কান্নাকাটি ও আপত্তি জানালো সে— কিন্তু ফলাফল শূন্য। মা-বাবা বললেন, হুজুরের তোমাকে পছন্দ, তার সাথে তোমার বিয়ে না দিয়ে পাপের ভাগী হতে পারব না। চুপচাপ থাকে ঝুমুর। বিয়ের ঠিক পূর্ব মুহূর্তে ঝুমুর তার সহপাঠীদের সহযোগিতায় পালিয়ে গিয়ে আইনের আশ্রয় নেয়।

ক. হাতেম আলির বন্ধুটির নাম কী? ১

খ. 'কিন্তু দুঃখে বুক নিশ্চয় ফেটে যাচ্ছে।'— হাশেমের এ উক্তিটি তাৎপর্য কী? ২

গ. ঝুমুরের বাবা-মা'র চিন্তা-চেতনায় 'বহিপীর' নাটকে বর্ণিত তৎকালীন সমাজের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দিষ্ট দিকটি থেকে উত্তরণের জন্য প্রয়োজন হাশেম, তাহেরা, ঝুমুর ও তার সহপাঠীদের মতো তরুণ প্রজন্ম— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯.▶ বিদেশি সেনার কামানে-বুলেটে বিদ্ধ
নারী শিশু আর যুবক জোয়ান-বৃদ্ধ
শত্রু সেনারা হত্যার অভিযানে—
মুক্তিবাহিনী প্রতিরোধ উত্থানে।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসে মিঠুর ভাইয়ের নাম কী? ১

খ. 'এমন খুশি আমার জীবনে আর আসেনি'— বুধার এ উক্তির কারণ কী? ২

গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিক ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের বিষয়বস্তু খণ্ডিত অংশমাত্র— মন্তব্যটির স্বপক্ষে তোমার যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০  বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা  বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. 'প্রেমাংশুর রক্ত চাই'— কার লেখা কাব্যগ্রন্থ?**
(ক) জাফর ইকবাল (খ) ড. আনিসুজ্জামান
(গ) হুমায়ুন আজাদ (ঘ) নির্মলেন্দু গুণ

**২. 'বুঝি তবু যেন বুঝি না'— উক্তিতে প্রকাশ পেয়েছে হাতেম আলির—**
(ক) নির্বুদ্ধিতা (খ) অসহায়ত্ব
(গ) কপটতা (ঘ) দুর্বোধ্যতা

**৩. গ্রামে ডাকাত পড়েছে। সবুজ তার বন্ধুদের নিয়ে রাত জেগে গ্রাম পাহারা দেয়।— সবুজ 'সাহসী জননী বাংলা' কবিতায় কাদের প্রতীক?**
(ক) মুক্তিযোদ্ধাদের (খ) পাকসেনাদের
(গ) রাজাকারের (ঘ) বিপ্লবী জনতার

**৪. 'সতত যেমতি লোক নিশার স্বপনে**
**শোনে মায়া- মন্ত্রধ্বনি'—**
**এ চরণে কবির কোন ভাব প্রকাশ পেয়েছে?**
(ক) স্বদেশপ্রেম
(খ) কপোতাক্ষ নদের প্রতি ভালোবাসা
(গ) মাতৃভাষার প্রতি ভালোবাসা
(ঘ) পিতামাতা থেকে দূরে থাকার কষ্ট

**৫. যে জাতি মনে বড় নয়, সে জাতি জ্ঞানেও বড় নয়— এটি কার উক্তি?**
(ক) রোকেয়া সাখাওয়াত হোসেনের
(খ) মোতাহের হোসেন চৌধুরীর
(গ) জাহানারা ইমামের
(ঘ) প্রমথ চৌধুরীর

**৬. 'বলিসনে মা বলিসনে— আমার বড্ড ভয় করে'— এ ভয়ের কারণ কী?**
(ক) শ্মশানের দৃশ্য দেখে (খ) রূপকথার গল্প শুনে
(গ) ভূতের গল্প শুনে (ঘ) মৃত্যুর কথা শুনে

**৭. 'অলভ্য জয়ের লোভে জ্বালায় শহর গ্রামে গ্রামে প্রাচীন সংহতি ভেঙে ভগ্নস্তূপে দূরের উল্মুক' —উপরিউক্ত লাইন দুইটিতে 'একাত্তরের দিনগুলি' রচনার যে বিষয়টি উপস্থিত, তাহলো—**
(ক) ধ্বংসাত্মক রূপ (খ) প্রকৃতি বর্ণনা
(গ) সভ্যতা গড়া (ঘ) রাজনৈতিক বিষয়

**৮. 'গল্প করা এ বয়সের রোগ'— এখানে বৃদ্ধের কোন বৈশিষ্ট্যকে বোঝানো হয়েছে?**
(ক) বদ অভ্যাস (খ) বয়সের বাতিক
(গ) বাচালতা (ঘ) পাণ্ডিত্য

**৯. কে শেষবারের মতো লড়াই করার জন্য ডাক দিয়ে ছিলেন, হিন্দু-মুসলমান উভয়কে?**
(ক) নবাব সিরাজউদ্দৌলা
(খ) হাজী শরীয়তুল্লাহ
(গ) তিতুমীর
(ঘ) মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী

**১০. 'সেইদিন এই মাঠ' কবিতায় কবির স্বপ্ন কী রূপ?**
(ক) স্বপ্ন মরণশীল (খ) স্বপ্ন ক্ষণস্থায়ী
(গ) স্বপ্ন মরে না (ঘ) স্বপ্ন বহমান

**১১. 'এমন ঝড় কখনো দেখিনি'— উক্তিটি কার?**
(ক) তাহেরা (খ) খোদেজার
(গ) হাশেমের (ঘ) বহিপীরের

**১২. সত্যেন্দ্রনাথ দত্ত ঝর্ণার গান গেয়েছেন কেন?**
(ক) বিস্তীর্ণ এর জলরাশি তাই
(খ) এর নির্জন পথ চলা তাই
(গ) অপূর্ব এর স্বাদ সে জন্য
(ঘ) অতুলনীয় এর সৌন্দর্য তাই

**১৩. নিমগাছ বিশেষভাবে প্রয়োজনীয়, কারণ—**
i. ওষধি বৃক্ষ
ii. নিমের হাওয়া স্বাস্থ্যের জন্য উপকারী
iii. চর্ম রোগের অব্যর্থ মহৌষধ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৪. বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন বাঙালির কোন বিষয় সম্বন্ধে অধিক বলা নিষ্প্রয়োজন বলেছেন?**
(ক) রুচিবোধ (খ) আচার ব্যবহার
(গ) শারীরিক সৌন্দর্য (ঘ) পোশাক-পরিচ্ছদ

**১৫. কবি কাজী নজরুল ইসলাম সাম্যের গান গেয়েছেন, কারণ—**
(ক) মানুষে মানুষে ধনী-গরিব আছে বলে
(খ) মানুষে মানুষে পৃথক সত্তা আছে বলে
(গ) মানুষে মানুষে সবাই সমান বলে
(ঘ) ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই একই পথে বলে

**১৬. "দিক-দিগন্তের পথে অপরূপ আভা দেখে তার"— এখানে কার কথা বলা হয়েছে?**
(ক) দিগন্ত-জোড়া মাঠের (খ) ধান ক্ষেতের
(গ) বৃষ্টির (ঘ) বিদ্যুৎ রূপসী পরীর

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
আবু মুসা আব্দুল্লাহ আফগানিস্তানের অধিবাসী হলেও সে বিদেশি সেনাবাহিনীর গুপ্তচর হিসেবে কাজ করে। আফগানিস্তানী যোদ্ধাদের বিভিন্ন অবস্থান সম্পর্কে সে বিদেশি বাহিনীকে নানা রকম তথ্য প্রদান করে। বিদেশি বাহিনী তার স্বজাতীয় ভাইদের হত্যা করলেও তার বিন্দুমাত্র খারাপ লাগে না।

**১৭. উদ্দীপকের আবু মুসা আব্দুল্লাহ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**
(ক) বুধা (খ) শাহাবুদ্দিন
(গ) হরিকাকু (ঘ) আহাদ মুন্সি

**১৮. উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ ভাব হলো—**
i. ভিনদেশিদের অত্যাচার
ii. দেশীয় কতিপয় লোকদের বিশ্বাসঘাতকতা
iii. যুদ্ধের ভয়াবহতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) ii ও iii

**১৯. বাংলা সাহিত্যের আদি নিদর্শন কোনটি?**
(ক) শ্রীকৃষ্ণকীর্তন (খ) বৈষ্ণব পদাবলি
(গ) অন্নদামঙ্গল কাব্য (ঘ) চর্যাপদ

**২০. আসিতেছে শুভ দিন ..........**
**দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ।**
**কবিতাংশে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কোন দিকটির প্রতি ইঙ্গিত করা হয়েছে?**
(ক) সভ্যতা নির্মাণ করা
(খ) শিশুর ভবিষ্যৎ উজ্জ্বল করা
(গ) শ্রমজীবীদের গুরুত্ব দেয়া
(ঘ) শ্রমিকদের বেতন বৃদ্ধি করা

Teachingbd24.com

২১. "শেষ হয়ে হইল না শেষ"— কথাটি সাহিত্যের কোন ক্ষেত্রে প্রযোজ্য?
ⓚ ছোটগল্প ⓚ উপন্যাস
ⓖ প্রহসন ⓖ প্রবন্ধ

২২. শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক— কীসের প্রতীক?
ⓚ বীরত্বের ⓚ শৌর্যের
ⓖ বাহাদুরির ⓖ দানবের

২৩. "তোমার কষ্ট দূর হয়েছে তাতে আমরাও সুখী"— মায়ের এ উক্তিতে ফুটে উঠেছে—
i. মমতাদিকে সম্মানিত করা
ii. মমতাদিকে নিজের লোক মনে করা
iii. মমতাদির কাজের প্রতি সন্তুষ্ট থাকা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ ii ও iii

২৪. 'নিশিন্দা' শব্দের অর্থ কী?
ⓚ গ্রামীণ এক ধরনের গাছ
ⓚ তাল গাছের ডাল
ⓖ মায়াবী আকর্ষণীয় গ্রাম-বাংলা
ⓖ অভাবী শ্রেণির প্রতিনিধি

২৫. 'দর্শন' কোন শব্দ থেকে বাংলা ভাষায় এসেছে?
ⓚ দেশি ⓚ তদ্ভব
ⓖ তৎসম ⓖ অর্ধতৎসম

২৬. 'নাম তার এ প্রবাসে মজি প্রেম-ভাবে লইছে যে তব নাম বঙ্গের সংগীতে'— এ চিত্রকল্পে যা ফুটে উঠেছে—
ⓚ বিরহের ব্যাকুলতা ⓚ সান্নিধ্যের উদ্বেলতা
ⓖ বিচ্ছেদের প্রতিকূলতা ⓖ ভালোবাসার আকুলতা

২৭. 'শীত, তাপ, ক্ষুধা তৃষ্ণার জ্বালা-
সবাই আমরা সমান বুঝি'—
চরণ দুইটির বক্তব্য 'অভাগীর স্বর্গ' গল্পের কোন দিকটির বিপরীত?
ⓚ সামাজিক বৈষম্য ⓚ জাতি বৈষম্য
ⓖ ধনী দরিদ্র বৈষম্য ⓖ শ্রেণি বৈষম্য

২৮. গঙ্গা, যমুনা খেলিতে কোনটি সযত্নে বাক্সে রাখা হয়েছে?
ⓚ দু'পয়সা দামের পিস্তল
ⓚ খানাকতক খাপরার কুচি
ⓖ রং ওঠা কাঠের ঘোড়া
ⓖ টোল খাওয়া টিনের ভেঁপু

২৯. 'বদ লোকেরা তোমাকে চোখ দিয়ে গিলে খাচ্ছে'— উক্তিটি কার?
ⓚ হাশেম আলির ⓚ খোদেজার
ⓖ হাতেম আলির ⓖ বহিপীরের

৩০. 'দৈন্যপীড়িত গৃহের ক্রন্দনধ্বনি কানে লইয়া বৃদ্ধ তাহার বেহাই বাড়িতে প্রবেশ করিল'— এ চরণটি কোন গল্পের?
ⓚ পালামৌ ⓚ মমতাদি
ⓖ আম আঁটির ভেঁপু ⓖ দেনাপাওনা

৩১. মুক্তিযুদ্ধকালে বাঙালির প্রেরণার বাতিঘর ছিল কোনটি?
ⓚ গ্রাম-বাংলার অপার সৌন্দর্য
ⓚ ভাষার জন্য রক্ত দানের ইতিহাস
ⓖ দেশমাতৃকার প্রতি ভালোবাসা
ⓖ বিশ্বযুদ্ধকালীন প্রেক্ষাপট

৩২. 'কাঁদতে পেলে বাঁচত সে যে ভাই,
কতক তবু কমত যে তার শোক'—
উপরিউক্ত লাইন দুইটিতে 'অন্ধবধূ' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?
ⓚ কান্না করলে সুখ পাওয়া যায়
ⓚ কান্না করলে কষ্ট হালকা হয়
ⓖ কান্না না করলে সুখ পাওয়া যায় না
ⓖ দৃষ্টিহীনদের বেশি কান্না করতে হয়

৩৩. 'পল্লিজননী' কবিতায় পল্লি মায়ের মনে শঙ্কার কারণ—
ⓚ রুগ্ন ছেলে হারিয়ে যাবে
ⓚ ছেলে চলে যাবে
ⓖ ছেলে মরে যাবে
ⓖ ছেলের অসুখ ভালো হবে না বলে

৩৪. 'বিরহ-মিলন কত হাসি অশ্রুময়'— এর পরের লাইন কোনটি?
ⓚ যদি গো রচিতে পারি অমর-আলয়
ⓚ মানবের সুখে-দুঃখে গাঁথিয়া সংগীত
ⓖ হাসি মুখে নিয়ো ফুল তার পরে হায়
ⓖ তোমাদেরি মাঝখানে লভি যেন ঠাঁই

৩৫. 'হাঙর নদী গ্রেনেড' ও 'পোকামাকড়ের ঘরবসতি' উপন্যাসের রচয়িতা কে?
ⓚ জাহানারা ইমাম ⓚ ড. আনিসুজ্জামান
ⓖ সেলিনা হোসেন ⓖ কবীর চৌধুরী

৩৬. 'মুছে যাক গ্লানি ঘুচে যাক জরা,
অগ্নিস্নানে শুচি হোক ধরা'—
এ কবিতাংশটিতে কী প্রকাশ পেয়েছে?
ⓚ নতুনের জয়গান
ⓚ নতুন দিনের আহবান
ⓖ বাঙালির দুঃখের অবসান
ⓖ বাঙালির ঐতিহ্যের আবির্ভাব

নিচের উদ্দীপকটি পড় এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:
সময় ও স্রোত কারো জন্য অপেক্ষা করে না। তাই সময় থাকতেই আমাদেরকে জীবনের দায়িত্বগুলো যথাযথভাবে সম্পাদন করতে হবে। অন্যথায় জীবনে দুঃখ আসার সম্ভাবনাই বেশি।

৩৭. উদ্দীপকের সঙ্গে কোন কবিতাটির ভাবগত মিল পাওয়া যায়?
ⓚ আমার পরিচয় ⓚ আমার সন্তান
ⓖ জীবন-সঙ্গীত ⓖ মানুষ

৩৮. উক্ত কবিতার মূল প্রতিপাদ্য হলো—
i. জীবনের গান ii. জীবন বন্দনা
iii. হেয় জীবন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i ও ii

৩৯. "মনে হয় তুই আমার মুরুব্বি"— কার উক্তি?
ⓚ হরিকাকুর ⓚ বুধার মায়ের
ⓖ বুধার চাচির ⓖ নোলক বুধার

৪০. 'পায়ের কাঁটার দিকে বার বার নজর দিতে হলে হাঁটার আনন্দ উপভোগ করা যায় না'— এখানে পায়ের কাঁটার বিশেষত্ব কী?
ⓚ শিক্ষা লাভের সাধনা
ⓚ মনুষ্যত্বের সাধনা
ⓖ প্রভূত সম্পদের সাধনা
ⓖ অন্নবস্ত্রের চিন্তা

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ |
| | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | ঘ |

Teachingbd24.com